গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
পরিকল্পনা শাখা-২
www.mopme.gov.bd

নং-৩৮.০১৩.০১৬.৩৭.০০.০৫১.২০১১-৫০০ তারিখঃ ২০ নভেম্বর ২০১৯খ্রি:

**বিষয়: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন এর ক্লাস্টার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সদস্যদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন এর ক্লাস্টার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সদস্যদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

20.11.19
(সামিয়া শারমিন)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪৬১৬২
mopme.plan2@gmail.com

**বিতরণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সিনিয়র সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: জনাব মোহা: নায়েব আলী, উপসচিব)।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: জনাব মোহাম্মদ কায়কোবাদ খন্দকার, উপসচিব)।
৫. সচিব, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: মুহাম্মদ আমিন বারী, সিনিয়র সহকারী প্রধান-১)
৭. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০।
৮. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।
৯. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃ:আ: জনাব কাজী মাহবুবুল আলম, উপসচিব (স্বাস্থ্য সেবা বিভাগ)।
১০. সচিব, শিল্প মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১১. সচিব, ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃ:আ: জনাব মমতাজ বেগম, উপসচিব)।
১২. সচিব,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৩. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১৪. সচিব, যুব ও ক্রীড়া বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৫. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ই ২৭/এ,আগারগাঁও, ঢাকা-১২০৭।
১৬. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: জনাব আফরোজা বেগম, সহকারী সচিব)।
১৭. সচিব, শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: জনাব মনোয়ারা বেগম, সিনিয়র সহকারী সচিব)।

**অনুলিপি:**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
পরিকল্পনা শাখা-২
www.mopme.gov.bd

**বিষয়: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন এর ক্লাস্টার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সদস্যদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ০৫ নভেম্বর ২০১৯ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | সভাকক্ষ (কক্ষ # ৬১০), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক" তে সংযুক্ত।

১। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন ক্লাস্টার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সদস্যদের সাথে সমন্বয় সভার সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব রতন চন্দ্র পন্ডিত উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, গত ১৫ অক্টোবর ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ফোকাল পয়েন্টগণের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী এই সভার আয়োজন করা হয়েছে। অত:পর তিনি সভার মূল আলোচ্য বিষয়টিকে জনাব সামিয়া শারমিন, সিনিয়র সহকারী প্রধান কে উপস্থাপন করার অনুরোধ করেন।

২। সিনিয়র সহকারী প্রধান গত ১৫ অক্টোবর সামাজিক নিরাপত্তা কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভার মূখ্য সিদ্ধান্ত অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ এর নির্দেশনা মোতাবেক এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষন কমিটির গত ১৫ অক্টোবর ২০১৫ এবং ৫ মে ২০১৬ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী দেশের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয়সমূহের মধ্যে পারস্পরিক সহযোগিতা এবং সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে কর্মসূচিসমূহের সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে সামাজিক নিরাপত্তা কর্মসুচিসমূহের অভিন্ন কার্যক্রমের ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগসমূহকে ৫টি বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার এ বিভক্ত করা হয়। এ প্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন শীর্ষক থিমেটিক ক্লাস্টারের অধীনে পরিচালিত মন্ত্রণালয়সমূহের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের সমন্বয়ের ভূমিকা পালন করবেন।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের সভায় সিদ্ধান্ত অনুযায়ী সামাজিক নিরাপত্তা থিমেটিক ক্লাস্টার সংক্রান্ত কমিটির কার্যক্রম সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগসমূহকে নিয়মিতভাবে প্রতিপ্রান্তিকে একটি করে সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় একই মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন শীর্ষক থিমেটিক ক্লাস্টারভূক্ত মন্ত্রণালয়সমূহকে নিয়ে প্রতি মাসে সভা আয়োজন করবে।

৪। সভায় উপস্থিত সদস্যবৃন্দ অভিমত ব্যক্ত করেন যে, প্রতিটি থিমেটিক ক্লাস্টার তার নিজস্ব মন্ত্রণালয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি সমন্বয়ের সাথে সাথে অন্য থিমেটিক ক্লাস্টারভূক্ত মন্ত্রণালয়সমূহের কর্মসূচির সাথে সমন্বয়ের মাধ্যমে সমন্বিত জীবনচক্রভিত্তিক সামাজিক নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলতে হবে এবং যে সকল কর্মসূচি জীবনভিত্তিক নয় সে সকল কর্মসূচিকে সামাজিক নিরাপত্তা কার্যক্রম থেকে পৃথক করে আলাদা কর্মসূচি হিসেবে পরিচালনা করতে হবে। এ বিষয়ে সভাপতি বলেন প্রত্যেক মন্ত্রণালয় তার গৃহীত কর্মসূচিসমূহ জীবনচক্রভিত্তিক এবং জীবনচক্রভিত্তিক নয় এ দু'ভাগে বিভক্ত করে পরিচালনা করবে।

সভায় প্রত্যেক মন্ত্রণালয়-কে তাদের কর্মপরিকল্পনা অনুযায়ী পরিচালিত কর্মসূচিসমূহ পর্যালোচনা করে জীবনচক্রভিত্তিক কর্মসূচিসমূহকে আলাদা করে তাদের কার্যক্রম সম্বলিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের নিমিত্ত এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সভাপতি আরো বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবিত সামাজিক নিরাপত্তা সম্মেলন ২০১৯ আয়োজনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে সবধরনের সহযোগিতা প্রদান এবং অংশগ্রহণ নিশ্চিত করা হবে। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৫। **সিদ্ধান্তসমূহ:**

ক) একই মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন শীর্ষক থিমেটিক ক্লাস্টারভূক্ত মন্ত্রণালয়সমূহকে নিয়ে প্রতি মাসে সভা আয়োজন করতে হবে; (বাস্তবায়নেঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়)

খ) মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন ক্লাস্টার সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ তাদের কর্মপরিকল্পনা অনুযায়ী পরিচালিত কর্মসূচিসমূহকে জীবনচক্রভিত্তিক পৃথক করে কার্যক্রমভিত্তিক তথ্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়)

গ) সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত কর্মসূচিসমূহের তথ্য সংকলন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে; (বাস্তবায়নেঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়)

ঘ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে প্রস্তাবিত সামাজিক নিরাপত্তা সম্মেলন ২০১৯ আয়োজনে সবধরনের সহযোগিতা প্রদান এবং অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। (বাস্তবায়নেঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়)

৬। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(রতন চন্দ্র পন্ডিত)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়